

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯৫

খোয়াই, ২১ জুন, ২০২৪

**দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রে কীটপতঙ্গ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক সেমিনার**

দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রের কৃষক প্রশিক্ষণ কেন্দ্রে আজ কীটপতঙ্গ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক এক সেমিনার অনুষ্ঠিত হয়। প্রদীপ জ্বলে সেমিনারের উদ্বোধন করেন ভারতীয় কৃষি অনুসন্ধান পর্যবেক্ষণ মুখ্য বিজ্ঞানী ড. মুকেশ সায়গল। কীটপতঙ্গ দমনের মধ্যদিয়ে অগ্রানিক পদ্ধতিতে সজ্জি চামে কৃষকদের সচেতন থাকার পাশাপাশি সুসংহত উপায়ে চাষাবাদ করতে কৃষকদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে জেলা উদ্যান ও ভূমি সংরক্ষণ কার্যালয়ের উপাধিকর্তা সাবেন্দ্র দেববর্মা বলেন, বর্তমানে জৈব চাষাবাদে গুরুত্ব দেওয়ার পাশাপাশি পতিত জমিকে চামের আওতায় নিয়ে আসার উপর জোর দেওয়া হচ্ছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা কৃষি ও কৃষক কল্যাণ আধিকারিক কার্যালয়ের সহাধিকর্তা প্রিয়তোষ সরকার। স্বাগত বক্তব্য রাখেন দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রের বরিষ্ঠ বিজ্ঞানী ড. মনোজ সিং সাচান। সেমিনার শেষে অতিথিগণ এলাকার ৪ জন কৃষকের হাতে ৪টি ওয়াটার পাম্প মেশিন, ২ জনের হাতে ২টি মসলা তৈরীর মেশিন, ২ জন সুবিধাভোগীর হাতে ২টি সরিষার তেল তৈরীর মেশিন তুলে দেন। সেমিনারে অংশগ্রহণকারী ১২২ জন কৃষকের মধ্যে ১টি করে মিশ্জাতের সজী বীজের প্যাকেট তুলে দেন। সেমিনার শেষে ধন্যবাদসূচক বক্তব্য রাখেন কৃষি বিজ্ঞান কেন্দ্রের মৃত্তিকা বিষয়ক বিশেষজ্ঞ ড. দীপঙ্কর দে। সেমিনারে মোট ১২২ জন কৃষক অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*